তারিখ: 21 OCT 2017

# আগামী বছর জবির ভর্তি পরীক্ষা ক্যাম্পাসেই

■ জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ভর্তি পরীক্ষা আগামী বছর থেকে বিশ্ববিদ্যালয় কেন্দ্রেই অনুষ্ঠিত হবে। গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয়ের 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষার সময় সংবাদ সম্মেলনে জবি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এ তথ্য জানান।

জানা যায়, গত ১৩ অক্টোবর 'এ' ভর্তি পরীক্ষার ২ ঘণ্টা আগে পরীক্ষার উত্তরপত্র ফাঁস হয়ে যায়। ভর্তি পরীক্ষার আগে বিভিন্ন কেন্দ্রে প্রশ্ন পাঠানোর সময় ফাঁস হয়ে যাওয়ায় বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল এ সিদ্ধান্ত নেয়। তবে বিশ্ববিদ্যালয়ের পাশের কয়েকটি প্রতিষ্ঠানে পরীক্ষা নেওয়া হতে পারে।

এদিকে প্রশ্ন ফাঁসে শিক্ষকরা জড়িত বলে অভিযোগ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ শিক্ষকরা প্রশ্ন ফাঁসে সংশ্লিষ্ট ইউনিটের পরীক্ষা কমিটিকে দায়ী করেছেন।